# আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক
# ANSAR-VDP UNNAYAN BANK
দারিদ্র্য বিমোচন, নারীর ক্ষমতায়ন, অর্থনৈতিক উন্নয়নে অঙ্গীকারাবদ্ধ

**কর্মী ব্যবস্থাপনা বিভাগ**

**সূত্র নং: ১/১০/১১৭/(অংশ-২)/** ৭৬৬২  **তারিখ: ০৭-০৫-২০২৬**

সম্পাদক/প্রকাশক/বিজ্ঞাপন কর্মকর্তা/সভাপতি
দি ডেইলি স্টার
প্রধান কার্যালয়
৬৪-৬৫, কাজী নজরুল ইসলাম অ্যাভিনিউ
ঢাকা-১২১৫।

**বিষয়ঃ নিয়োগ বিজ্ঞপ্তি প্রচার প্রসঙ্গে।**

জনাব
আপনার বহুল প্রচারিত দৈনিক "দি ডেইলি স্টার" পত্রিকার ৯ মে ২০২৬ তারিখের নিয়মিত সংখ্যায় অত্র ব্যাংকের **"ডাটা এন্ট্রি অপারেটর"** পদে নিয়োগের লক্ষ্যে সংযুক্ত নিয়োগ বিজ্ঞপ্তিটি ০৪ (চার) কলাম ১৪ (চৌদ্দ) ইঞ্চি ভিতরের পাতায় একদিন একবার প্রকাশের জন্য আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক কর্তৃপক্ষ সদয় অনুমোদন দিয়েছেন। নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের পরে সরকারী হারে বিল দাখিল সাপেক্ষে বিজ্ঞাপনটির মূল্য হতে সরকারী নীতিমালা অনুযায়ী ভ্যাট-ট্যাক্স কর্তনপূর্বক একাউন্ট-পে চেকের মাধ্যমে পরিশোধ করা হবে।

২। বিজ্ঞাপনের শিরোনামঃ **"নিয়োগ বিজ্ঞপ্তি, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক"**। নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের ১৫ দিনের মধ্যে বিজ্ঞাপন বিল ও ৩ কপি নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশিত পত্রিকা জমা দিতে হবে এবং বিজ্ঞাপন বিলের সাথে ওয়ার্ক অর্ডারের কপি জমা দিতে হবে।

অনুমোদনক্রমে,

০৭/০৫/২০২৬

(মোঃ এনামুল হক)
উপমহাব্যবস্থাপক
মোবাইল নাম্বার: 01712213995
ই-মেইল: avubpd@gmail.com

**সংযুক্তিঃ** বর্ণনা মোতাবেক

**সূত্র নং: ১/১০/১১৭/(অংশ-২)/** ৭৬৬২  **তারিখ: ০৭-০৫-২০২৬**

**অনুলিপি-সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। স্টাফ অফিসার টু এমডি, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২। স্টাফ অফিসার টু ডিএমডি, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪। বিভাগ প্রধান, আইসিটি বিভাগ, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। এতদসংগে প্রেরিত নিয়োগ বিজ্ঞপ্তি ব্যাংকের ওয়েবসাইটে Upload করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
৫। নথি।

০৭.০৫.২০২৬
দ্বীন মোহাম্মদ
সহকারী মহাব্যবস্থাপক

# আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক
## ANSAR-VDP UNNAYAN BANK
দারিদ্র্য বিমোচন, নারীর ক্ষমতায়ন, অর্থনৈতিক উন্নয়নে অঙ্গীকারাবদ্ধ

সূত্র নং-১/১০/১১৭(অংশ-০২)/ ৭৮৩৪ — তারিখ: ০৭.০৫.২০২৬

## নিয়োগ বিজ্ঞপ্তি

আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংকের নিম্নবর্ণিত স্থায়ী শূন্য পদসমূহ পূরণের লক্ষ্যে পদের পার্শ্বে বর্ণিত শর্ত সাপেক্ষে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে অনলাইনে (**https://avub.teletalk.com.bd** ওয়েবসাইটে) নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র আহবান করা যাচ্ছে। অনলাইন (**Online**) ব্যতীত অন্য কোন মাধ্যমে প্রেরিত আবেদন গ্রহণ করা হবে না:

| ক্রঃ নং | পদের নাম, গ্রেড ও বেতনস্কেল | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ০১ | ডাটা এন্ট্রি অপারেটর<br>গ্রেড-১৬<br>বেতনস্কেল: ৯,৩০০-২২,৪৯০/- | ৩০০<br>(তিনশত) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী;<br>(খ) কম্পিউটার বা ডাটা এন্ট্রি সংক্রান্ত সরকার স্বীকৃত কোন প্রতিষ্ঠান হতে প্রশিক্ষণ বা কাজের অভিজ্ঞতা; এবং<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ এবং ইংরেজীতে ২৮ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে। |

**অনলাইনে আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অবশ্যই অনুসরণ করতে হবে:**

১। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

২। আবেদনকারীর নাম, পিতার নাম, মাতার নাম, জন্ম তারিখ ও নিজ জেলাসহ অন্যান্য সকল তথ্য সংশ্লিষ্ট সনদে যেভাবে লেখা রয়েছে অনলাইন আবেদন ফরমে এবং পরবর্তীতে হবহু সেভাবে লিখতে হবে।

৩। মুদ্রিত/হস্তলিখিত কোন প্রকার আবেদন বা কাগজপত্র ডাকযোগে বা অন্য কোন উপায়ে প্রেরণ করা হলে তা গ্রহণযোগ্য হবে না।

৪। **বয়সসীমা:** ০১.০৫.২০২৬ তারিখে প্রার্থীর বয়স ১৮-৩২ বছরের মধ্যে হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহনযোগ্য হবে না।

৫। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তিপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।

৬। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে সংশ্লিষ্ট বিধি-বিধানে কোনরূপ সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

৭। কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

৮। লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।

৯। লিখিত, মৌখিক ও প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষার তারিখ ও সময়সূচী পরবর্তীতে আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংকের নোটিশ বোর্ড, ওয়েবসাইট (**https://ansarvdpbank.portal.gov.bd**) এবং প্রার্থীদের ব্যক্তিগত মুঠোফোনে SMS এর মাধ্যমে জানানো হবে।

১০। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা শুধু ব্যবহারিক পরীক্ষায় এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই শুধু মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।

১১। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১২। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৩। চাকরির আবেদন ফরমে (Applicant's Copy) সকল শিক্ষাগত যোগ্যতা উল্লেখ করতে হবে। অন্যথায় চাকরির জন্য নির্বাচিত হলে চাকরির আবেদনে উল্লিখিত সনদ ব্যতীত চাকরির আবেদনের পূর্বে অর্জিত অন্যান্য শিক্ষাগত যোগ্যতার সনদপত্র অন্তর্ভুক্ত করার সুযোগ নেই।

১৪। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে শিক্ষাগত যোগ্যতা সনদ, অভিজ্ঞতা সনদ, অনলাইনে আবেদনের প্রিন্টেড কপি ও কোটাসহ অন্যান্য সনদের মূল কপি প্রদর্শন করতে হবে।

১৫। এক জেলার বাসিন্দা, অন্য জেলার বাসিন্দা হিসেবে আবেদন করতে পারবেন না।

১৬। আবেদনের শর্তাবলীতে উল্লেখ করা হয়নি এরূপ ক্ষেত্রে সরকার কর্তৃক জারীকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

১৭। **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:**

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি (**https://avub.teletalk.com.bd**) এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন।
আবেদনের সময়সীমা নিম্নরূপ:
- (i) **Online** এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১৪.০৫.২০২৬ ও সকাল ১০.০০ টা; এবং
- (ii) **Online** এ আবেদনপত্র পূরণের শেষ তারিখ ও সময়ঃ ১৩.০৬.২০২৬ ও বিকাল ৫.০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র Submit এর পর পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০ Pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ ৬০ KB এর মধ্যে হতে হবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময়ে এক কপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং Signature upload করে আবেদনপত্র Submit সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application preview দেখা যাবে। আবেদন Submit করা প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy-তে যদি কোনো ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে, আবেদন ফি জমাদানের পরে আর কোনো পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধনের সুযোগ থাকবে না। তাই, আবেদন ফি জমাদানের পূর্বে অবশ্যই Applicant's copy-তে প্রার্থীর সদ্য তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর রয়েছে মর্মে নিশ্চিত হয়ে PDF Copy ডাউনলোডপূর্বক রঙিন প্রিন্ট সম্পন্ন করে সংরক্ষণ করবেন। Applicant's Copy -তে একটি User ID দেয়া থাকবে এবং প্রার্থী User ID ব্যবহার করে নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-Paid Mobile নম্বরের মাধ্যমে ২টি SMS করে আবেদন ফি বাবদ ১০০/- (একশত টাকা) ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ) ১২/- (বারো) টাকাসহ সর্বমোট ১১২/- (একশত বারো) টাকা (অফেরতযোগ্য) অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন। তবে অনগ্রসর (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ) প্রার্থীগণ আবেদন ফি বাবদ ৫০/- (পঞ্চাশ টাকা)

ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ) ৬/-(ছয়) টাকাসহ সর্বমোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা (অফেরতযোগ্য) অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না।"

প্রথম SMS : **AVUB**<space>**User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।
**Example: AVUB ABCDEF & send to 16222**

**Reply: Applicant's Name. Tk-112/56 will be charged as application fee. Your pin is 12345678. To pay fee Type AVUB<space>Yes<space>PIN and send to 16222.**

দ্বিতীয় SMS : **AVUB**<space>**Yes**<space>**PIN** লিখে Send করতে হবে 16222 নম্বরে।
**Example: AVUB Yes 12345678**

**Reply: Congratulations! Applicant's Name, payment completed successfully for the post of (Post name), AVUB. User ID is (ABCDEF) and password (xxxxxxxx).**

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি https://avub.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথা সময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত,ব্যবহারিক এবং মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র Teletalk Pre-Paid Mobile নম্বর থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID অথবা PIN ব্যবহার করে প্রার্থীগণ (User ID এবং Password) পুনরুদ্ধার করতে পারবেন;

(i) **User ID জানা থাকলে: AVUB**<space>**Help<space>User<space>User ID** & send to 16222.
Example: AVUB Help User ABCDEF & send to 16222.

(ii) **PIN জানা থাকলে: AVUB**<space>**Help**<space>**PIN**<space>**PIN No** & send to 16222.
Example: AVUB HELP PIN 12345678 & send to 16222.

(ঝ) পত্রিকা ছাড়াও আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংকের ওয়েবসাইটে (https://ansarvdpbank.portal.gov.bd) এ বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে Teletalk এর জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য ব্যাংকের ওয়েবসাইট হতে জানা যাবে।

(ঞ) Online এ আবেদনের ক্ষেত্রে কোন সমস্যা হলে যে কোন টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd বা info@ansarvdpbank.gov.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। এ ছাড়া Teletalk এর জবপোর্টাল, ফেসবুক পেইজ https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে । (Mail/মেসেজ এর Subject - এ Organization Name: AVUB, Post Name:.........., Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

(ট) **ডিক্লারেশন:** প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

(ঠ) আবেদনের শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক
এর ওয়েবসাইটে প্রবেশ এর
QR Code

আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক
এর টেলিটক পোর্টালে প্রবেশ এর
QR Code

09/08/2024
(মোঃ এনামুল হক)
উপমহাব্যবস্থাপক
কর্মী ব্যবস্থাপনা বিভাগ
**আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক**
ও
সদস্য-সচিব, নিয়োগ কমিটি